

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার  
সংখ্যা-১১৬/২০২২-২০২৩  
ময়মনসিংহ, ১৬ মার্চ, বৃহস্পতিবার ২০২৩, ০২ চৈত্র ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। প্রত্যেক বিভাগে মেডিকেল বিশ্ববিদ্যালয় হবে: প্রধানমন্ত্রী
- ০২। দুই দিনব্যাপী ময়মনসিংহ বিভাগীয় উদ্ভাবনী মেলার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত
- ০৩। প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করেছেন ময়মনসিংহ জেলা প্রশাসক
- ০৪। ময়মনসিংহ জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস, ময়মনসিংহের যৌথ আয়োজনে মতবিনিময় সভা অনুষ্ঠিত
- ০৫। হজের নিবন্ধন শেষ হচ্ছে আজ
- ০৬। রমজানে ব্যাংকে লেনদেন হবে ৫ ঘণ্টা

**০১। প্রত্যেক বিভাগে মেডিকেল বিশ্ববিদ্যালয় হবে: প্রধানমন্ত্রী**

দেশের প্রতিটি বিভাগে মেডিকেল বিশ্ববিদ্যালয় করে দেয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, ১৯৯৬ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এসে প্রথম মেডিকেল বিশ্ববিদ্যালয় করে। এখন আমরা সিদ্ধান্ত নিয়েছি, প্রতিটি বিভাগে মেডিকেল বিশ্ববিদ্যালয় করবো। বুধবার (১৫ মার্চ) সকালে গাজীপুরের তেতুইবাড়ির শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজের দ্বিতীয় স্নাতক সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এসময় প্রধানমন্ত্রী নার্সিং পেশার উন্নয়ন, নার্সদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, নার্সিং ট্রেনিংয়ের ব্যবস্থা প্রভৃতি বিভিন্ন ক্ষেত্রে সরকার ব্যবস্থাগ্রহণ করছে বলেও জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক নিউ টাইমস, দৈনিক জাহান, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের খবর ও দৈনিক জনতার কণ্ঠস্বর।

**০২। দুই দিনব্যাপী ময়মনসিংহ বিভাগীয় উদ্ভাবনী মেলার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত**

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার কার্যালয়ের উদ্যোগে দুই দিনব্যাপী বিভাগীয় পর্যায়ে উদ্ভাবনী মেলার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৫ মার্চ) বিকেলে নগরীর শিল্পাচার্য জয়নুল আবেদীন পার্কের বৈশাখী মঞ্চে মেলার সমাপনী অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠান শেষে উদ্ভাবনী কার্যক্রম গ্রহণের মূল্যায়নের ভিত্তিতে পুরস্কার বিতরণ করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস পুরস্কার বিতরণ করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

**০৩। প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করেছেন ময়মনসিংহ জেলা প্রশাসক**

প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। বুধবার (১৫ মার্চ) সকালে ময়মনসিংহের সার্কিট হাউজ মাঠে আনুষ্ঠানিকভাবে খেলার উদ্বোধন করেন ময়মনসিংহ জেলা প্রশাসক ও জেলা ক্রীড়া সংস্থার সভাপতি মো. মোস্তাফিজার রহমান। টুর্নামেন্টে নগরীর ৮টি স্কুল অংশগ্রহণ করছে। খেলা হবে ৫০ ওভারের। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক নিউ টাইমস।

**০৪। ময়মনসিংহ জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস, ময়মনসিংহের যৌথ আয়োজনে মতবিনিময় সভা অনুষ্ঠিত**

২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মপরিকল্পনার অংশ হিসেবে ময়মনসিংহ জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস, ময়মনসিংহের যৌথ আয়োজনে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক এ মতবিনিময় সভা বুধবার (১৫ মার্চ) ময়মনসিংহ জেলা প্রশাসক কার্যালয়ের আইসিটি ল্যাবে অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) মাহফুজুল আলম মাসুম এর পরিচালনায় সভায় স্বাগত বক্তব্য রাখেন ময়মনসিংহ জেলা তথ্য অফিসের সিনিয়র তথ্য কর্মকর্তা শেখ মো. শহীদুল ইসলাম। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক জাহান ও দৈনিক আজকের খবর।

**০৫। হজের নিবন্ধন শেষ হচ্ছে আজ**

এবার বাংলাদেশ থেকে হজ পালনে বুধবার (১৫ মার্চ) সকাল পর্যন্ত সরকারি ও বেসরকারিভাবে ৯২ হাজার ১৪৮ জন হজযাত্রী নিবন্ধিত হয়েছেন। কোটাপুরে আরও ৩৫ হাজার ৫০ জন হজযাত্রী প্রয়োজন। হজে গমনেচ্ছুরা আজ বৃহস্পতিবার (১৬ মার্চ) পর্যন্ত নিবন্ধনের জন্য সময় পাচ্ছেন। এরপর আর নিবন্ধন করা যাবে না বলে ধর্মবিষয়ক মন্ত্রণালয় তরফে আগেই জানানো হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক জাহান, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক জনতার কণ্ঠস্বর।

**০৬। রমজানে ব্যাংকে লেনদেন হবে ৫ ঘণ্টা**

রমজান মাসে ব্যাংকের কর্মঘণ্টা ও লেনদেনের সময়সূচিতে পরিবর্তন এনেছে কেন্দ্রীয় ব্যাংক। নতুন সূচি অনুযায়ী রমজান মাসে লেনদেন হবে সকাল সাড়ে নয়টা থেকে বেলা আড়াইটা পর্যন্ত (৫ ঘণ্টা)। আর অফিস চলবে সকাল সাড়ে নয়টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। বুধবার (১৫ মার্চ) বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট সুপারভিশন ডিপার্টমেন্টের এক সার্কুলারে এ সময়সূচি জানানো হয়। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক নিউ টাইমস, দৈনিক জনতার কণ্ঠস্বর।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** চামড়া শিল্প থেকে বাংলাদেশে প্রতিবছর প্রচুর পরিমাণে বৈদেশিক মুদ্রা আসে। বৈদেশিক মুদ্রার পাশাপাশি চামড়া শিল্প অনেক বেকার লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। দেশের অর্থনৈতিক অগ্রযাত্রা অব্যাহত রাখতে হলে সম্ভাবনাময় চামড়া খাতের উন্নয়নে সরকারি নজরদারি বৃদ্ধিসহ ব্যাপক পদক্ষেপ গ্রহণ করা বাঞ্ছনীয়।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** নিষিদ্ধ নোট-গাইড কিনতে উৎসাহ জোগাচ্ছেন অসাধু ব্যবসায়ী ও এক শ্রেণির শিক্ষক। নোট-গাইড বন্ধে আইনের কঠোর প্রয়োগ জরুরি। সংশ্লিষ্ট প্রশাসন এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেবে, সেটা প্রত্যাশা। পাশাপাশি শিক্ষক সমাজ ক্লাসের পড়া ক্লাসে শেষ করতে পারলে শিক্ষার্থীদের নোট গাইড নির্ভরতা কমবে।
- (গ) **দৈনিক জাহান, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক জনতার কণ্ঠস্বর:** স্বাস্থ্য সুরক্ষায় চিকিৎসা ব্যবস্থার মানোন্নয়ন অত্যাবশ্যকীয়। দেশে মানবিক সেবাদান বাড়ানোর বিষয়ে সরকারের সুনজর দেয়া জরুরি।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। ড. ইউনুস সম্পর্কে চিঠি এবং লাভ ও লোভের 'দৃশ্যমান হাত'- ড. অরুণ কুমার গোস্বামী (দৈনিক স্বজন)
- ০২। আমাদের চলচ্চিত্র শিল্প কোন পথে- আহমেদ আমিনুল ইসলাম (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। শিক্ষায় নারী- অলোক আচার্য (দৈনিক জাহান, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক জনতার কণ্ঠস্বর)
- ০৪। যুদ্ধ থামলেও পরিস্থিতি বদলাবে কি? ড. আর এম দেবনাথ (দৈনিক নিউ টাইমস)

#